

স্মিথ সরবরাহকারীর ব্যবসায়িক নীতি

ফিলিপ বোওম্যান, প্রধান কার্যনির্বাহক কর্তৃক প্রদত্ত ভূমিকা

একটি আন্তর্জাতিক কোম্পানী হিসেবে, স্মিথ গ্রুপকে বিশ্বের বিভিন্ন স্থানের গ্রাহক, শেয়ারহোল্ডার এবং সরবরাহকারী সকলের মুখোমুখি হতে হয়। যাদের সাথে আমাদের ব্যবসার যোগাযোগ রয়েছে সেই স্টেকহোল্ডাররা অন্যান্য সংগঠনের সাথে মিলিতভাবে অথবা ব্যক্তিগতভাবে আমরা কি করছি তা আগ্রহের সাথে পর্যবেক্ষণ করেন। স্মিথ সম্পর্কে তাঁদের মতামত সম্পূর্ণভাবেই নির্ভরশীল আমাদের সঙ্গে এবং আমাদের হয়ে যারা কাজ করে তাদের কার্যকলাপের ওপর। সুখ্যাতি স্মিথ গ্রুপের জন্য শুধুমাত্র গুরুত্বপূর্ণই নয়, এটি আমাদের অবিরাম সাফল্যের জন্য অপরিহার্য। এই সুখ্যাতির মূল চাবিকাঠি হল কিভাবে আমরা ব্যক্তিগতভাবে এবং দলগতভাবে কাজ করছি।

এই জটিল বিশ্বে, প্রতিটি পরিস্থিতির জন্য নির্দিষ্ট নিয়ম এবং নীতি স্থির করা সম্ভব নয়। এর পরিবর্তে, প্রতিটি কর্মচারীর ব্যবসার জন্য আমাদের কাছে রয়েছে নির্দিষ্ট আদর্শ এবং পরিচালন সূত্র সমৃদ্ধ ব্যবসায়িক নীতি। তেমনই আমরা আমাদের সরবরাহকারীদের নৈতিক আচরণের জন্য একই ধরনের সর্বনিম্ন আদর্শের নীতি গ্রহণ করেছি।

আমাদের সরবরাহকারী ব্যবসায়িক নীতি সকল সরবরাহকারীদের ক্ষেত্রে এবং তাদের কর্মচারী, প্রতিনিধি এবং সরবরাহকারী ও অন্যান্য সকলের ক্ষেত্রেই প্রযোজ্য যারা বিশ্বব্যাপী তাদের হয়ে কাজ করে (দলগতভাবে সরবরাহকারী হিসেবে উল্লেখ্য)। এটি তাদের আচরণের ক্ষেত্রে সর্বনিম্ন একটি আদর্শ স্থির করে। এই সরবরাহকারী নীতি পালনের ফলে সরবরাহকারী এবং স্মিথের সুখ্যাতি বজায় রাখা এবং বাড়িয়ে তোলা সহজ হয়ে ওঠে এবং আমাদের শেয়ারহোল্ডারদের জন্য দীর্ঘস্থায়ী মূল্যায়ণ প্রদান করে।

আমাদের শেয়ারহোল্ডারদের বিনিয়োগকে রক্ষাকবচ প্রদান করা এবং কোম্পানীর সুনাম সুরক্ষিত রাখাই শুধুমাত্র আমাদের লক্ষ্য নয়, আমাদের লক্ষ্য হল দায়িত্বপূর্ণ ব্যবহারের মাধ্যমে আইনী এবং নিয়ন্ত্রক সম্মতির দ্বারা স্মিথ গ্রুপের বৃহৎ স্বার্থকে সুরক্ষিত করা।

স্মিথ বোর্ড এবং কোম্পানীর অন্যান্য অগ্রগন্য ব্যবস্থাপকেরা স্মিথ ব্যবসায়িক নীতি এবং সরবরাহকারী ব্যবসায়িক নীতিকে অনুমোদন এবং সমর্থন করে। উভয়ই ইন্টারনেটে উপলভ্য

<http://www.smiths.com/responsibility-code-of-business-ethics.aspx> সাইটে এবং স্মিথ ইন্ড্রানেটে। আমরা আশা করি যে নিম্নে যে সকল আদর্শ স্থির করা হয়েছে তা সকল সরবরাহকারী অবশ্যই গ্রহণ করবেন। আমরা এও আশা করি যে তাঁরা এই সর্বনিম্ন আদর্শের জন্য যে সঠিক প্রশিক্ষণ তাতে অংশগ্রহণ করবেন।

পরিশেষে, এটি খুবই গুরুত্বপূর্ণ যে স্মিথ এবং তার ব্যবসায়ীরা বাজারে দায়িত্ববান এবং নৈতিক অংশগ্রহণকারী হিসেবে চিহ্নিত হবেন যা আমরা সমগ্র বিশ্বের ক্ষেত্রেও কার্যকর করব।

আইন মেনে চলা

1 আইন মান্য করা

1.1. সরবরাহকারীরা যে দেশে কাজ করেন তাদের উচিত সর্বনিম্ন আদর্শ হিসেবে সেই দেশের আইন এবং নিয়ম মান্য করা। এই সর্বনিম্ন আদর্শ হল, যে কোনো প্রকারের ঘুষকে প্রতিরোধ করা, দুর্নীতি, নিষেধাজ্ঞা রয়েছে এমন দেশে কোনো বস্তু বিক্রয় বা চালান প্রতিহত করা, আমদানি বা রপ্তানি নিয়ন্ত্রণ করা, এবং ব্যবসায়িক আদানপ্রদানের অন্যান্য আইন মেনে চলা।

ন্যায্য প্রতিযোগিতা

2. প্রতিযোগিতা

2.1. স্মিথ ব্যবসায়িক বাজারের ক্ষেত্রে সবল এবং ন্যায্য প্রতিযোগিতায় বিশ্বাস করে। আমরা আশা করি যে আমাদের সরবরাহকারীরা এমন কোনো কাজে অংশগ্রহণ করবেন না, অথবা এমন কিছুই অংশ হবেন না বা এমন কোনো চুক্তি করবেন না অথবা এমন কোনো ব্যবসায়িক ব্যবহার করবেন না যা আইন অনুযায়ী অ-প্রতিযোগিতামূলক।

সকল ব্যবসায়িক লেনদেনে সততার সাথে কার্য করা

3. সঠিক ব্যবসায়িক আচরণ

3.1. আমরা সর্বদাই সততার সাথে কাজ করি যা স্মিথের সাথে যুক্ত গ্রাহক, শেয়ারহোল্ডার, কোনো একক ব্যক্তি, সংগঠন এবং অন্যান্য সরবরাহকারী হিসেবে যারা আমাদের সঙ্গে ব্যবসায়িক লেনদেনে যুক্ত তাদের বিশ্বাসকে রক্ষাকবচ প্রদান করে। তাই আমরা আশা করি যে আমাদের সরবরাহকারীরাও একইরকম ভাবে কাজ করবেন।

3.2. সরবরাহকারীরা এমন কোনো ব্যক্তিগত কাজকর্ম অথবা প্রকাশ্য মন্তব্য করবেন না যাতে স্মিথ-এর ব্যবসায়িক স্বার্থ বা সুনামের ক্ষতি হয়।

3.3. তারা কখনোই ব্যবসা অথবা অন্যান্য সুযোগ সুবিধা পাওয়ার জন্য ঘুষ অথবা অন্য কোনো অনৈতিক সুবিধা যেমন অতিরিক্ত বা নিয়মিত উপহার এবং বিনোদন প্রদান করার প্রতিশ্রুতি অথবা দাবি করেন না।

অন্যান্য সরবরাহকারী, অংশীদার এবং গ্রাহকদের সাথে সঠিকভাবে আচরণ করা

4. সরবরাহকারী, ব্যবসায়িক অংশীদার এবং গ্রাহকদের সাথে আচরণ

4.1. সরবরাহকারীদের অবশ্যই স্মিথের সঙ্গে এবং অন্যান্য সরবরাহকারীদের সাথে এমনভাবে কাজ করতে হবে যাতে আমরা সরবরাহ প্রক্রিয়ায় সর্বদা গুণমান, মান এবং সময়ানুবর্তিতা নিশ্চিত করার মাধ্যমে গ্রাহকদের প্রত্যাশা পূরণ করতে পারি।

4.2. সরবরাহকারীরা স্মিথ, আমাদের গ্রাহক, অন্যান্য সরবরাহকারী এবং অন্যান্যদের কাছ থেকে প্রাপ্ত বাস্তব সম্পত্তি, আইটি সরঞ্জাম, যোগাযোগ উত্স, প্রযুক্তি, মেধা, গোপনীয় তথ্য, ডাটা এবং অন্যান্য স্বাবর অথবা অস্বাবর সম্পত্তি পায় তাই সরবরাহকারীদের উচিত এগুলিকে সম্মান প্রদর্শন করা এবং এর সঙ্গে একমত হয়ে আচরণ করা।

4.3. সরবরাহকারীদের নিশ্চিত করতে হবে যে তাদের প্রতিনিধি এবং অন্যান্য সরবরাহকারী যারা তাদের হয়ে কাজ করেন সকলেই আইনসম্মত এবং নৈতিকভাবে কাজ করবেন যা আমাদের স্থির করা নীতির মান ও আদর্শ অনুযায়ী হবে।

সহকর্মীদের সাথে সম্মানপূর্বক আচরণ করা

5. কর্মচারীগণ

5.1. সরবরাহকারীদের উচিত কেবলমাত্র যোগ্যতা, দক্ষতা, প্রবণতা এবং মনোভাবের ভিত্তিতেই তাদের কর্মচারীদের নিয়োগ এবং তাদের পদোন্নতি করা।

5.2. কর্ম সম্পর্কিত সিদ্ধান্তে, সরবরাহকারীদের সর্বদাই সেই বিচারব্যবস্থাধীন ক্ষেত্র অনুসারে জাতি, বর্ণ, স্বাদেশিকতা, লিঙ্গ, বৈবাহিক স্থিতি, যৌগ স্থিতি, ধর্মীয় বিশ্বাস, বয়স অথবা শারিরিক বা মানসিক অক্ষমতা বিষয়ে অ-বৈষম্য নীতি পালন করতে হবে।

5.3. সরবরাহকারীদের অবশ্যই উচিত সকল কর্মচারীদের সাথে সম্মান এবং মর্যাদার সাথে আচরণ করা; হয়রানি এবং নিপীড়ণ অপ্রীতিকর।

5.4. কর্মচারী কোনো কর্মীসম্বন্ধ অথবা বিশ্বস্ত কর্মী প্রতিনিধি সংগঠনে যোগদান না করলেও সরবরাহকারীদের উচিত সকল কর্মীর অধিকারকে সম্মান করা।

5.5. সরবরাহকারীদের তাদের কর্মীদের সাথে সুন্দর যোগাযোগ রাখা প্রয়োজন এবং পারস্পরিক স্বার্থের ক্ষেত্রে পরামর্শ, সহযোগিতা এবং দলবদ্ধ হয়ে কাজ করাকে উন্নত করা প্রয়োজন।

সুস্থ, নিরাপদ এবং সুবক্ষিত কর্মস্থলের প্রতি অবদান

6. স্বাস্থ্য, নিরাপত্তা এবং সুবক্ষা

6.1. স্মিথ গ্রুপের এমন সরবরাহকারী প্রয়োজন যারা স্বাস্থ্য এবং নিরাপত্তার সর্বোচ্চ মান অর্জন করার জন্য প্রয়োজনীয় সকল কার্যকলাপ করতে প্রতিশ্রুতিবদ্ধ থাকবে

6.2. সরবরাহকারীরা অবশ্যই তাদের কর্মী, বাস্তব সম্পদ, তথ্য এবং সুনামকে সম্ভাব্য নিরাপত্তা হুমকি থেকে রক্ষা করতে হবে।

পরিবেশের প্রতি সম্মান

7. পরিবেশ

7.1. সরবরাহকারীদের যতটা সম্ভব বাস্তবসম্মতভাবে নিশ্চিত করতে হবে যেন তাদের কার্যকলাপ, পণ্য এবং পরিষেবা পরিবেশের ওপর খুব কম হানিকারক প্রভাব ফেলে।

সম্প্রদায়ের প্রতি অবদান

8. সম্প্রদায়

8.1. কর্মের সুযোগ এবং প্রশিক্ষণ এবং উন্নত কার্যকলাপের সাথে সরবরাহকারীদের থাকতে হবে কর্ম প্রদানের সুযোগ এবং কার্যকলাপ, যার মাধ্যমে তারা বিভিন্ন কার্যে অংশগ্রহণ করে সম্প্রদায়ের জন্য কিছু অর্থপূর্ণ পন্থা প্রদান করতে পারে এবং সম্প্রদায় এবং দাতব্য উদ্যোগকে সমর্থন করতে পারে।

8.2. যখন যেভাবে উপস্থিত হবে তখনই সরবরাহকারীদের তাদের কার্যকলাপের জন্য সঠিক কর প্রদান করতে হবে।

মানবাধিকারের প্রতি সম্মান প্রদর্শন

9. মানবাধিকার

- 9.1. স্মিথ গ্রুপের এমন সরবরাহকারী প্রয়োজন যারা কাজকর্ম যেখানেই চলুক না কেন আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানবাধিকারকে সমর্থন করবে।
- 9.2. সরবরাহকারীদের অবশ্যই মেনে চলতে হবে সকল সংশ্লিষ্ট সরকারী নির্দেশনা যা পরিকল্পিত হয়েছে এটা নিশ্চিত করতে যে এই সরবরাহকারীর সরবরাহ করা দ্রব্য দিয়ে অস্ত্র তৈরি হচ্ছে না বা আতঙ্কবাদের জন্য অথবা মানবাধিকার উল্লঙ্ঘন করতে ব্যবহৃত হচ্ছে না।
- 9.3. সরবরাহকারীদের দ্বারা শিশু শ্রমিক সরবরাহ, মানুষ পাচার, দাসত্ব এবং এমন কোনো আচরণ যা মানবাধিকার অথবা মানুষের সম্মানকে করে না তা, স্মিথ সহ্য করবে না।

অর্থনৈতিক রেকর্ড রাখা এবং প্রতিবেদনের ব্যাপারে উচ্চ আদর্শ বজায় রাখা

10. প্রতিবেদন এবং আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ

- 10.1. সরবরাহকারীদের প্রতিটি ব্যবসায়িক আদানপ্রদানের রেকর্ড সঠিকভাবে, বিবেচনাপূর্বক এবং স্বচ্ছভাবে রাখতে হবে, স্বীকৃত অনুশীলন অনুযায়ী যা আদর্শ গননাকে মান্য করবে।
- 10.2. স্মিথের এমন সরবরাহকারী প্রয়োজন যারা ঝুঁকির মূল্যায়ন করবে এবং ব্যবস্থাপনা করবে, এবং আভ্যন্তরীণ নিয়ন্ত্রণের জন্য দৃঢ় ব্যবস্থা থাকতে হবে যা তাদের পরিকাঠামোর একটি গুরুত্বপূর্ণ অঙ্গ এবং যা নিশ্চিত করবে যে সমস্ত ঝুঁকি সক্রিয়ভাবে বিবেচনা করা হবে এবং প্রতিবেদিত ফলাফল হবে সঠিক।
- 10.3. সরবরাহকারীদের একটি আভ্যন্তরীণ এবং বাহ্যিক অডিট বজায় রাখতে হবে যা আভ্যন্তরীণ নিয়ন্ত্রণকে সাফল্যের সঙ্গে পর্যবেক্ষণ করবে, এবং উল্লেখযোগ্য ব্যবসায়িক ঝুঁকির ক্ষেত্রে সনাক্তকরণ, মূল্যায়ন এবং ব্যবস্থাপনার একটি চলমান পরিচালন পদ্ধতি এবং সরবরাহকারীদের বোর্ড অফ ডিরেক্টরে অথবা অন্যান্য পরিচালন পরিকাঠামোতে প্রতিবেদন করবে।

11. আবেদন এবং সম্মতি

11.1. স্মিথ সরবরাহকারী ব্যবসায়িক নীতি অথবা সরবরাহকারীদের নিজস্ব নীতি, বিশ্বব্যাপী তাদের যে কোনো সহায়ক এবং সকল কর্মীদের ওপর প্রযুক্ত হওয়া উচিত। যেখানে প্রয়োজন সেখানে এই নীতিগুলির অনুবাদ থাকা প্রয়োজন এবং প্রতিটি কর্মীকে এর একটি করে অনুলিপি দিতে হবে এবং এটি সরবরাহকারীর ইন্টারনেট সাইটে এবং বৈদ্যুতিন মাধ্যমে উপলভ্য হতে হবে। স্মিথ ব্যবসায়িক নীতি অথবা সরবরাহকারীর নীতি যদি কোনো কর্মী অসম্মান করেন অথবা উল্লঙ্ঘন করেন তবে তাদের জন্য উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

11.2. স্মিথ সরবরাহকারী ব্যবসায়িক নীতি সরবরাহকারীদের বিদ্যমান নীতিগুলিকে অথবা তাদের সহায়ক ব্যবসার নীতিগুলিকে প্রতিস্থাপন করার চেষ্টা করে না। আমরা এমন সরবরাহকারী নীতি অথবা নিজস্ব নীতি প্রত্যাশা করি যা পরিচালন নথি হিসেবে কাজ করবে এবং আন্তর্জাতিক নীতির দ্বারা মান্য হবে। সরবরাহকারীর নীতির সাথে এবং এদের সহায়কদের নীতির পত্রিকার সাথে অবশ্যই থাকতে হবে একটি প্রশ্ন উত্তরের পুস্তিকা অথবা অন্যান্য নির্দেশনা এবং প্রশিক্ষণ।

11.3. যেখানে একজন সরবরাহকারী হলেন যে কোনো যৌথ উদ্যোগে অথবা বানিজ্যিক অংশীদারি বিন্যাসে একজন অংশগ্রহণকারী, সেখানে যতদূর সম্ভব এটা নিশ্চিত করা উচিত যে যৌথ উদ্যোগের ক্ষেত্রে স্মিথ ব্যবসায়িক নীতি অথবা সরবরাহকারীর নিজস্ব তুলনীয় ব্যবসায়িক নীতি মান্য করা হবে।

11.4. সরবরাহকারীরা প্রত্যাশা করবেন এবং কর্মীদের উত্সাহ প্রদান করবেন যে যদি তাদের ব্যবসায়িক নীতি কোনো কর্মী উল্লঙ্ঘন করে বা তার চেষ্টা করে তবে তা তৎক্ষণাত্ অন্য কর্মী পরিচালন সমিতির নজরে আনবেন। কোনো কর্মী যদি এরকম তথ্য প্রদান করেন এবং উপযুক্ত মাধ্যমে দ্বারা প্রকাশ করেন তবে তাকে কোনোরকম সমস্যার মুখোমুখি হতে হবে না। তেমনই স্মিথও প্রত্যাশা করে যে যদি সরবরাহকারী মনে করেন যে কোনো কর্মী ব্যবসায়িক নীতি উল্লঙ্ঘন করছেন তা সরবরাহকারী এবং তাদের কর্মীরা আমাদের নজরে আনবেন।

11.5. যদি কোনো সরবরাহকারীর কোনো অফিসার, ডিরেক্টর অথবা কর্মীরা তাদের সরবরাহকারী ব্যবসায়িক নীতি অমান্য করে তবে তাদের সাথে সবরকম ব্যবসায়িক সম্পর্ক শেষ করে দেওয়ার অধিকার স্মিথ-এর আছে। আমাদের এই অধিকারও আছে যে আমরা অনুসন্ধান এবং তদন্ত করে দেখতে পারি যে সরবরাহকারী নীতি আমাদের সন্তুষ্ট করছে কিনা এবং সর্বনিম্ন আদর্শকে পূরণ করছে কিনা।

পরামর্শ প্রাপ্ত করার পদ্ধতি এবং প্রতিবেদন সমস্যা

সকল রিপোর্ট অথবা প্রতিবেদন গোপনে বিবেচনা করা হবে এবং তত্ক্ষণাত্ ও সঠিকভাবে অনুসন্ধান করা হবে। যে কোনো স্মিথ কর্মীর আচরণ যা স্মিথ ব্যবসায়িক নীতির ক্ষেত্রে অসংগত সেই বিষয়ে যে কোনো তথ্য সরবরাহকারী এবং তাদের কর্মীরা স্মিথ এথিক্স অল্টারলাইন-কে জানাতে পারেন EthicsAlertline@smiths.com একটি ইমেইলের মাধ্যমে।